

তারিখ: ১৪/০৯/২০১৭ খ্রি.

২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের নির্দেশনা মোতাবেক ২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অন-লাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম তথা eSIF সম্পন্ন করা হবে। সকল ছাত্র-ছাত্রীকে চূড়ান্ত রেজিস্ট্রেশন কার্ড পাওয়ার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী :

(১) একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদেরকে অন-লাইনের মাধ্যমে চূড়ান্ত রেজিস্ট্রেশন কার্ডে ছবি সংযোজন করার জন্য বাধ্যতামূলক পাসপোর্ট সাইজের রঙিন ছবি এর একটি Soft Copy প্রয়োজন হবে।


২) ছাত্র-ছাত্রী এবং কলেজ অফিসের সুবিধার জন্য টিটিসি মোড়ে অবস্থিত “স্টুডিও চিত্রমেলা”-তে নিম্নলিখিত তারিখসমূহের মধ্যে নিজ নিজ পরিচয়পত্র/ভর্তির রশিদ অবশ্যই সঙ্গে নিয়ে ছবি তুলতে হবে। অন্যথায়, চূড়ান্ত রেজিস্ট্রেশন কার্ড না পাওয়ার কারণে ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিভাগ	রোল নম্বর	ছবি তোলার তারিখ	স্টুডিও
মানবিক	৮০১ হতে ১১৯৩ পর্যন্ত	১৮/০৯/২০১৭ হতে ২০/০৯/২০১৭ পর্যন্ত	“স্টুডিও চিত্রমেলা” টিটিসি মোড়, কল্যাণপুর, রাঙ্গামাটি
ব্যবসায়শিক্ষা	৪০১ হতে ৭৫৪ পর্যন্ত	২১/০৯/২০১৭ হতে ২৪/০৯/২০১৭ পর্যন্ত	
বিজ্ঞান	০১ হতে ৩০৯ পর্যন্ত	২৫/০৯/২০১৭ হতে ২৬/০৯/২০১৭ পর্যন্ত	

৩) যেসকল ছাত্র-ছাত্রীর বিভাগ/শ্রেণির রোল নম্বর জানা নেই, তাদেরকে কলেজ অফিসের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশে দেয়া গেল।


৪) যেসকল ছাত্র-ছাত্রীর বর্ণিত সময়ের মধ্যে “স্টুডিও চিত্রমেলা”-তে ছবি তোলা হবে, তাদের প্রিন্ট আউট কপি (ছবিসহ নাম, পিতার নাম, মাতার নাম, রোল নং, বিভাগ এবং বিষয়সমূহ) আগামী ২৮/০৯/২০১৭ তারিখে কলেজের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। প্রিন্ট আউট কপিতে কোন ছাত্র-ছাত্রীর তথ্য ভুল থাকলে উক্ত তারিখে অর্থাৎ ২৮/০৯/২০১৭ তারিখে নিজ দায়িত্বে কলেজের হিসাব শাখার কক্ষে কম্পিউটারে যোগাযোগ করে সংশোধন করে নিতে হবে। এরপর কোন অবজ্ঞাতেই ছাত্র-ছাত্রীর তথ্য সংশোধন করা যাবে না।

উল্লেখ্য যে, যেসকল ছাত্র-ছাত্রী eSIF সম্পন্ন করেছে, তাদেরকে বিভাগভিত্তিক প্রিন্ট আউট কপিতে অবশ্যই আগামী ২৮/০৯/২০১৭ তারিখে স্বাক্ষর করতে হবে।


অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। আহবায়ক, উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি (২০১৭-১৮), অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। স্টুডিও চিত্রমেলা, টিটিসি মোড়, কল্যাণপুর, রাঙ্গামাটি।
- ৪। নোটিশ বোর্ড


১৪/০৯/১৭